MAY 23 2002

দৈনিক ইত্তেফাক

তারিখ ..................
পৃষ্ঠা ...৩... কলাম ...২...

# আমেরিকান এলামনাই এসোসিয়েশন ৪ জন ছাত্র-ছাত্রীকে বৃত্তি দেবে

মার্কিন যুক্তরাষ্ট্রের বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ভর্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রীদের মধ্য থেকে ৪ জন নির্বাচিত ছাত্র-ছাত্রীকে ২০০২ সালের জন্য বৃত্তি প্রদান করার সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশস্থ আমেরিকান এলামনাই এসোসিয়েশন। মেধা এবং আর্থিক প্রয়োজনীয়তার উপর ভিত্তি করে প্রত্যেক ছাত্র-ছাত্রীকে ৭৫ হাজার টাকা প্রদান করা হবে। আবেদনকারীকে অবশ্যই উক্ত এসোসিয়েশনের সদস্য দ্বারা মনোনীত হতে হবে। আবেদনপত্র এসোসিয়েশনের কার্যালয় (বাড়ী নং-১৪৫, রোড নং-১৩বি, ব্লক-ই, বনানী, ফোন- ৯৮৮১৬৬৯) হতে সংগ্রহ করা যাবে। পূরণকৃত আবেদনপত্র আগামী ১ জুন বিকেল সাড়ে চারটার মধ্যে উল্লিখিত ঠিকানায় জমা দিতে হবে। উল্লেখ্য, বৃত্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীরা মার্কিন যুক্তরাষ্ট্রের ভিসা পাবার পরই উক্ত বৃত্তির অর্থ প্রদান করা হবে। আমেরিকান এলামনাই এসোসিয়েশন যুক্তরাষ্ট্রের বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রীপ্রাপ্তদের একটি সংগঠন। বাংলাদেশস্থ মার্কিন দূতাবাসের প্রধান ম্যারি এ্যান পিটার্স উক্ত সংগঠনের অন্যতম সম্মানিত চেয়ারপার্সন। - প্রেস বিজ্ঞপ্তি